

বজ্রপাতে নিরাপদ ব্যবস্থা গ্রহণে করণীয়

- বাইরে খোলা জায়গায় কোন বড় গাছের নিচে আশ্রয় নেওয়া যাবে না। গাছ থেকে কমপক্ষে ৪ মিটার দূরে থাকতে হবে।
- কোন উঁচু স্থানে অবস্থায় নেয়া যাবে না।
- খোলা জায়গায় অথবা ফসলের মাঠে কাজ করা অবস্থায় আশ্রয়ের জায়গা না থাকলে যতটা সম্ভব নিচু হয়ে গুটিগুটি মেরে বসে পড়তে হবে, তবে মাটিতে শোয়া যাবে না।
- জলাশয় থেকে দূরে থাকতে হবে। মাছ ধরা বন্ধ রাখতে হবে। নৌকায় ছেঁয়ের নিচে অবস্থান নিতে হবে। নিচু হয়ে নৌকার পাটাতনে যথাসাধ্য কম স্পর্শ রেখে অবস্থান নিতে হবে।
- বৈদ্যুতিক তারের নিচে তবে খুটি থেকে নিরাপদ দূরত্বে থাকতে হবে। ছেঁড়া বৈদ্যুতিক তার থেকে দূরে থাকতে হবে। বাড়িতে যথাযথ বজ্র নিরোধক দণ্ড ব্যবহার করতে হবে। ঘরের ভেতরে ক্ষয়ক্ষতি কমানোর জন্য বৈদ্যুতিক যন্ত্রপাতির প্লাগগুলো লাইন থেকে বিচ্ছিন্ন রাখতে হবে। বজ্র থেকে রক্ষার পাওয়ার জন্য জানালা ও বৈদ্যুতিক যন্ত্রপাতি থেকে দূরে থাকতে হবে। বারান্দায় অবস্থান করা যাবে না।

তথ্যসূত্র:

জাইকা টেকনিকেল কো-অপারেশন প্রোজেক্ট ফর ডেভেলপমেন্ট অব হিউম্যান ক্যাপাসিটি অন অপারেশন অব ওয়েদার এ্যানালিসিস এন্ড ফোরকাস্টিং ইন বাংলাদেশ

প্রচারে:

কৃষি তথ্য সার্ভিস
আঞ্চলিক অফিস, রংপুর।